FEB. 1 8 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৮ ......

দৈনিক ইনকিলাব

# ঈদের পূর্বে বর্ধিত বেতন দেয়ার জন্য শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের দাবী

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ বেসরকারী শিক্ষক কর্মচারীদের পবিত্র ঈদ-উল-আজহার পূর্বে ১০% বর্ধিত বেতনসহ ফেব্রুয়ারী, মার্চ মাসের বেতন ও উৎসব ভাতা প্রদানের দাবী জানিয়েছেন শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম শরীফুল ইসলাম ও সমন্বয়কারী মোঃ সেলিম ভূঁইয়া, আহ্বায়কদ্বয় শেখ আমানুল্লাহ, মাওলানা এম এ লতিফ, যুগ্ম আহ্বায়কদ্বয় প্রিন্সিপাল মাজহারুল হান্নান ও শফিকুল আলম।

ঐক্যজোটের সমন্বয়কারী মোঃ সেলিম ভূঁইয়া স্বাক্ষরিত এক বিবৃতিতে আগামী ২৪ ও ২৫ ফেব্রুয়ারী বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসায় পূর্ণ দিবস কর্মবিরতি পালনের আহ্বান জানানো হয়। তবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স পরীক্ষা ধর্মঘটের আওতামুক্ত থাকবে বলে উল্লেখ করা হয়।